



নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৬৭৮


তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯  
১৩ অক্টোবর ২০২২

**বিষয়: জেলা পরিষদ নির্বাচনে ভোটকক্ষের গোপনীয়তা রক্ষা ও মোবাইল ফোন ব্যবহারে নিষেধাজ্ঞা সংক্রান্ত**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৬৬৪, ১০ অক্টোবর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর ২৯, ৩০ ও ৩১নং বিধি অনুযায়ী ভোটারের প্রদত্ত গোপনীয়তা ভঙ্গ করা বা ভঙ্গ করার চেষ্টা অসদাচরণ ও দণ্ডনীয় অপরাধ। এরূপ বিধি বহির্ভূত কার্যক্রম বা অসদাচরণ প্রতিরোধে প্রিজাইডিং অফিসার ও আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাগণের করণীয় সম্পর্কে জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৩১ এ সুস্পষ্ট বিধান রয়েছে। কোনো ব্যক্তি, তিনি যে কোনো পদ বা মর্যাদার অধিকারী হন না কেন, ভোটকেন্দ্রের গোপনীয় কক্ষে বা নিকটে অবৈধভাবে অবস্থান করে কোনো ভোটারের গোপনীয়তার সাথে ভোটাধিকার প্রয়োগের অধিকার বাধাগ্রস্ত করলে আইনানুযায়ী তাৎক্ষণিক তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। ভোটকক্ষে ভোটারগণ যাতে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে না পারে অথবা ভোটকক্ষে ভোটদান বিশেষ করে গোপনকক্ষে ভোট প্রদানের ছবি তুলতে না পারে তা নিশ্চিত করতে হবে। নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণে ব্যবস্থা গ্রহণে অক্ষম হলে, বিষয়টি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তাৎক্ষণিক নির্বাচন কমিশনকে সরাসরি অথবা রিটার্নিং অফিসার/আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তার মাধ্যমে অবহিত করতে হবে। আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য জেলা পরিষদ নির্বাচনে ভোটারদের ভোটাধিকার প্রয়োগে গোপনীয়তা রক্ষার বিধান প্রতিপালনে প্রিজাইডিং অফিসার ও আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাগণসহ নির্বাচনি দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে বিশেষভাবে যত্নবান হওয়ার জন্যও মাননীয় নির্বাচন কমিশন বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত বিভিন্ন অভিযোগের ভিত্তিতে পুনরায় বিশেষভাবে নির্দেশনা প্রদান করেছেন। উল্লেখ্য যে, কোন নির্বাচন কর্মকর্তা বর্ণিত দায়িত্ব গ্রহণে বা পালনে অপরাগতা বা অস্বীকৃতি প্রকাশ করলে তার বিরুদ্ধে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

  
(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫(অফিস)

E-mail: ccsemc2@gmail.com

- ১। জেলা প্রশাসক, ..... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
- ৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার ..... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
- ৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার


নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৬৭৮

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯  
১৩ অক্টোবর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়

২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষ্ঠানিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষ্ঠানিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৪. পুলিশ সুপার, ..... (সংশ্লিষ্ট)
৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সংশ্লিষ্ট)
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. অফিসার ইন চার্জ, ..... (সংশ্লিষ্ট থানা)।

  
(মোহাম্মদ আশরাফুর রহমান)

সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা